# সরকারী সিদ্ধান্তের প্রতিবাদে প্রাথমিক শিক্ষকদের বিক্ষোভ

প্রাথমিক বিদ্যালয়সমূহের দায়িত্বভার স্থানীয় সংস্থার হাতে অর্পণ করার সরকারী সিদ্ধান্তের প্রতিবাদে সারাদেশে শিক্ষকদের প্রতিবাদ সভা ও বিক্ষোভ মিছিল অব্যাহত রহিয়াছে। এদিকে দায়িত্বভার অর্পণের কথাবার্তা চলা অবস্থাতেই পাবনায় শিক্ষা কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যানের মধ্যে দ্বন্দ্ব শুরু হইয়াছে।

কুমিল্লা: ইউনিয়ন পরিষদসমূহের উপর প্রাথমিক বিদ্যালয়ের দায়িত্বভার অর্পণের সিদ্ধান্তের প্রতিবাদে গত ১৩ই এপ্রিল কুমিল্লা আদর্শ প্রাথমিক বিদ্যালয়ে এক প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়। কুমিল্লা সদর দক্ষিণ ও উত্তর মহকুমার ১৫০ জনেরও বেশী প্রাথমিক শিক্ষক প্রতিনিধি এই সভায় অংশগ্রহণ করেন। সভায় বিভিন্ন বক্তা অভিমত প্রকাশ করেন যে, সরকারের ভ্রান্ত সিদ্ধান্তে প্রাথমিক শিক্ষার ভিত ভাঙ্গিয়া পড়িবে। শিক্ষকগণ গ্রাম্য কোন্দলের শিকারে পরিণত হইবে এবং নিয়মিত বেতন পাওয়া যাইবে না। সভায় সরকারের এহেন সিদ্ধান্তের বিরুদ্ধে নিয়মতান্ত্রিক আন্দোলনের সিদ্ধান্ত গৃহীত হয়। গত ২৮শে এপ্রিল জেলার প্রাথমিক শিক্ষক ও শিক্ষিকাগণ এক প্রতিবাদ মিছিল বাহির করেন।

চাঁদপুর (কুমিল্লা): গত ১৮ই

( ৪র্থ পৃঃ দ্রঃ )

## শিক্ষকদের বিক্ষোভ

( ৩য় পৃঃ পর )

এপ্রিল এই থানার প্রাথমিক বিদ্যালয়সমূহের শিক্ষক-শিক্ষয়ত্রীগণ সরকারী সিদ্ধান্তের প্রতিবাদে এক সভা ও বিক্ষোভ মিছিলের আয়োজন করেন। সভায় বক্তাগণ স্থানীয় সংস্থার হাতে প্রাথমিক বিদ্যালয়সমূহকে অর্পণের সিদ্ধান্ত প্রত্যাহারের আহ্বান জানান।

দাউদকান্দি (কুমিল্লা): এই থানার সাত শতাধিক প্রাথমিক শিক্ষক-শিক্ষয়িত্রী গত ১৮ই এপ্রিল থানা প্রশিক্ষণ উন্নয়ন কেন্দ্রে মিলিত হইয়া এক বিক্ষোভ মিছিল বাহির করে। মিছিলকারিগণ ইউনিয়ন পরিষদের ব্যবস্থাপনায় প্রাথমিক বিদ্যালয়ের দায়িত্বভার তুলিয়া দেওয়ার সরকারী সিদ্ধান্তের তীব্র প্রতিবাদ করেন।

পটুয়াখালী: গত ২৮শে এপ্রিল জেলার ১০টি থানার প্রায় চার হাজার প্রাথমিক শিক্ষক-শিক্ষয়ত্রী স্থানীয় লতিফ স্কুল প্রাঙ্গণে এক প্রতিবাদ সভায় মিলিত হন। সভায় বক্তাগণ প্রাথমিক বিদ্যালয়কে স্থানীয় সংস্থার অধীন ন্যস্ত করার সরকারী সিদ্ধান্তের তীব্র প্রতিবাদ জানান। সভাশেষে একটি শোভাযাত্রা শহরের প্রধান প্রধান রাস্তা প্রদক্ষিণ করিয়া জেলা প্রশাসকের নিকট একটি স্মারকলিপি প্রদান করে।

মানিকগঞ্জ (ঢাকা): সরকারী সিদ্ধান্তের প্রতিবাদে গত ২৬শে এপ্রিল মানিকগঞ্জ থানা শিক্ষক সমিতির উদ্যোগে পোরড়া প্রাথমিক বিদ্যালয়ে এক সভা অনুষ্ঠিত হয়। পরে এক বিক্ষোভ মিছিল শহরের প্রধান প্রধান রাস্তা প্রদক্ষিণ করিয়া স্থানীয় সংসদ সদস্যদের নিকট একটি স্মারক লিপি পেশ করে।

বান্দরবান (পার্বত্য চট্টগ্রাম): গত ১৮ই এপ্রিল স্থানীয় আদর্শ প্রাথমিক বিদ্যালয়ে প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের এক প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়। সভায় সরকারী সিদ্ধান্তের প্রতি ক্ষোভ প্রকাশ করিয়া অবিলম্বে উহা প্রত্যাহারের দাবী জানানো হয়।

সিরাজগঞ্জ (পাবনা): গত ২৮শে এপ্রিল প্রতীক ধর্মঘট পালনরত মহকুমার ৯টি থানার প্রাথমিক শিক্ষক সমিতির কর্মকর্তারা সন্ধ্যায় সিরাজগঞ্জ প্রেস ক্লাবে সমবেত হন এবং প্রাথমিক শিক্ষা ব্যবস্থার কর্তৃত্ব স্থানীয় সংস্থার হাতে তুলিয়া দেওয়ার সরকারী সিদ্ধান্তের তীব্র বিরোধিতা করিয়া সাংবাদিকদের নিকট নিজেদের বক্তব্য পেশ করেন। তাঁহারা বলেন যে, সরকার এই সিদ্ধান্ত প্রত্যাহার না করিলে তাহারা পূর্ণ ধর্মঘট পালনে বাধ্য হইবে।

পাবনা: প্রাথমিক বিদ্যালয় পরিচালনার দায়িত্ব ভার স্থানীয় সংস্থার উপর অর্পণের কথাবার্তা চলিতে থাকা অবস্থাতেই থানা শিক্ষা কর্মকর্তা বনাম ইউনিয়ন পরিষদ কর্তৃপক্ষের মধ্যে উহার কর্তৃত্বভার লইয়া টানা-হেঁচড়া শুরু হইয়াছে। আটঘরিয়া থানা শিক্ষা কর্মকর্তা সম্প্রতি একদন্ত ইউনিয়নের তিনজন প্রাথমিক শিক্ষককে বদলীর নির্দেশ সম্বলিত একটি সুপারিশ জেলা শিক্ষা পরিদর্শক দফতরে প্রেরণ করিলে উক্ত ইউপি চেয়ারম্যান এই সুপারিশ বাতিল করার জন্য জেলা শিক্ষা পরিদর্শক বরাবর তাহার ইউনিয়ন পরিষদের একটি প্রস্তাব প্রেরণ করেন। খবর নিজস্ব সংবাদদাতাগণের।